গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.২২৩.২০২০-

তাং--------------------/১৪২৭
/২০২০

অফিস আদেশ

জনাব মোঃ শাহানুর রহমান, (পিতা-আফতাব উদ্দিন), সিনিয়র স্টাফ নার্স, জেলা সদর হাসপাতাল, গাইবান্ধা এর বিরুদ্ধে তত্বাবধায়ক, জেলা সদর হাসপাতাল, গাইবান্ধা কর্তৃক অভিযোগ উথাপিত হয়েছে তার উপর অর্পিত দায়িত্ব পালনে গাফিলতি ও অবহেলা করেন এবং কর্তৃপক্ষের বিনা অনুমোতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকাসহ ভূয়া ছাড়পত্র প্রদান, পুলিশ কেস খাতার ইনজুরি রেকর্ডের ফটোকপি প্রদানসহ নানাবিধ অপকর্মে জড়িত। তাকে তত্বাবধায়ক, জেলা সদর হাসপাতাল, গাইবান্ধা এর দপ্তর হতে কারণ দর্শানো হয়েছে এবং জবাব সন্তোষজনক নয় বিধায় তার বিরুদ্ধে বিভাগীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহনের জন্য এ অধিদপ্তর বরাবর সুপারিশ দাখিল করেন।

২। বর্ণিত অবস্থার প্রেক্ষাপটে, জনাব মোঃ শাহানুর রহমান, (পিতা-আফতাব উদ্দিন), সিনিয়র স্টাফ নার্স, জেলা সদর হাসপাতাল, গাইবান্ধা এর বিরুদ্ধে আনীত অভিযোগটি সরজমিনে তদন্ত পূর্বক ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে মতামত সহ প্রতিবেদন এ অধিদপ্তরে দাখিল করার জন্য জনাব মোস্তাফিজুর রহমান, সহকারী পরিচালক, রংপুর বিভাগকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Saleha 10/6/2020
সালেহা পারভীন
উপ-পরিচালক (শৃঙ্খলা)
মহাপরিচালকের পক্ষে
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.২২৩.২০২০-২৬/১(৯)

তাং- ২৭/০২/১৪২৭ বঙ্গাব্দ
১০/০৬/২০২০ খ্রি:

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। অতিরিক্ত সচিব, (নার্সিং ও মিডওয়াইফারি) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক (শৃঙ্খলা), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৩। তত্বাবধায়ক, জেলা সদর হাসপাতাল, গাইবান্ধা।
৪। সহকারী পরিচালক, রংপুর বিভাগ, রংপুর।
৫। সেবা তত্বাবধায়ক, জেলা সদর হাসপাতাল, গাইবান্ধা।
৬। জনাব মোঃ শাহানুর রহমান, (পিতা-আফতাব উদ্দিন), সিনিয়র স্টাফ নার্স, জেলা সদর হাসপাতাল, গাইবান্ধা।
৭। মহাপরিচালকএর ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৮। উপ-পরিচালক, পিএমআইএস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (এ পত্রটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৯। অফিস নথি।

১০/৬/২০২০ইং
সহকারী পরিচালক (শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.২১০.২০২০-

তাং-------/১৪২৬
/২০২০

## অভিযোগনামা

যেহেতু আপনি জনাব গোলাম মোস্তফা, (পিতা-মোঃ আবদুল গণি), গাড়ী চালক, নার্সিং ইনস্টিটিউট, কক্সবাজারকে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের স্মারক নং ডিজিএনএম-শা-২/১ম-১০৮/৯২-৫১০/১(১০) তারিখঃ ১০/১২/২০১৯ ইং মোতাবেক কলেজ অব নার্সিং মহাখালী, ঢাকা হতে নার্সিং ইনস্টিটিউট, কক্সবাজারে জনস্বার্থে বদলীর আদেশ জারী করা হয়।সেই অনুসারে গত ২২/১২/২০১৯ কলেজ অব নার্সিং মহাখালী, ঢাকা হতে ছাড়পত্র প্রদান করা হয়। কিন্তু আপনি বদলীকৃত কর্মস্থলে যোগদান করেন নি।

২। সেই পরিপ্রেক্ষিতে এ অধিদপ্তরের স্মারক নং ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২১০.২০২০.৬৮ তারিখঃ ০৯.০২.২০২০ ইং মোতাবেক বদলীকৃত কর্মস্থলে যোগদান না করার কারণে কৈফিয়ত তলব করা হয়। আপনি অদ্যাবদি কৈফিয়ত তলবের কোন জবাব প্রদান করেনি। এমনকি কোন ধরনের যোগাযোগও করেননি। ফলে দেখা যায় যে, যোগদানের জন্য ছাড়পত্র পাওয়ার পর হতে আপনি অদ্য ০৯.০৬.২০২০ তারিখ পর্যন্ত সর্বমোট ১৯৭ দিন কর্মস্থলে/ কর্তব্য কাজে অনুপস্থিত, সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ সালের বিধি ৩ (খ) ধারা অনুযায়ী এটি গুরুতর অপরাধ।

৩। সেহেতু আপনাকে উক্ত অভিযোগের প্রেক্ষিতে ২০১৮ সালের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, বিধি ৩ (খ) ধারা মোতাবেক কর্মস্থলে অনুপস্থিতি বা ডিজারশন এর অভিযোগে অভিযুক্ত করা হলো।

৪। সেহেতু এ অধ্যাদেশের ৪(৩)(ঘ) ধারা মোতাবেক কেন আপনাকে সরকারী চাকুরী হতে বরখাস্ত করা হবে না বা উক্ত অধ্যাদেশ এর আওতায় অন্য কোন যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না সে মর্মে এ বিধির ৭(খ) ধারা মোতাবেক এ অভিযোগনামা পাওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিত জবাব প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি ব্যক্তিগত সাক্ষাতে কিছু বলতে চান কিনা বা এ বিভাগীয় মামলায় আপনার পক্ষ সমর্থনে কোন সাক্ষ্য উপস্থাপন করতে চান কিনা তা বর্ণিত সময়ের মধ্যে জানাবেন। এ অভিযোগ যার উপর ভিত্তি করে প্রণয়ন করা হয়েছে সেই অভিযোগ বিবরণীর অনুলিপি পত্রের অপর পৃষ্ঠায় বর্ণনা করা হলো।

(সিদ্দিকা আক্তার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
*ই-মেইল-info@ dgnm.gov.bd
ফোন নং-৯১৩৬৬৭৪।

বর্তমান ঠিকানাঃ
জনাব গোলাম মোস্তফা
পিতা-মোঃ আবদুল গণি (গাড়ী চালক)
নার্সিং ইনস্টিটিউট, কক্সবাজার।
(সেবা মহাবিদ্যালয় মহাখালী, ঢাকা হতে ছাড়পত্র প্রাপ্ত)

স্থায়ী ঠিকানাঃ
জনাব গোলাম মোস্তফা
পিতা-মোঃ আবদুল গণি,(গাড়ী চালক)
গ্রামঃ কেরানী পাড়া, পোঃ রংপুর সদর,
থানাঃ কতোয়ালী, জেলাঃ রংপুর।

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.২১০.২০২০-26/2(8)

তাং-29/02/১৪২৬ বং
10/06/২০২০ ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। সচিব,স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা [দৃঃআঃ অতিরিক্ত সচিব (চিকিৎসা ও শিক্ষা)]
২। পরিচালক (প্রশাসন,শিক্ষা ও প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৩। পরিচালক (শৃংক্ষলা), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৪। সিভিল সার্জন, কক্সবাজার।
৫। জেলা হিসাব রক্ষক কর্মকর্তা, কক্সবাজার।
৬। নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট, কক্সবাজার।
৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৮। পিএমআইএস শাখা, নার্সিং ও মিডওয়াইফারিঅধিদপ্তর, ঢাকা ( ওয়েব সাইটে প্রকাশ করার জন্য নির্দেশ দেওয়া হলো)।

10/06/2020
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারিঅধিদপ্তর, ঢাকা

## অভিযোগনামা

আপনি জনাব গোলাম মোস্তফা, (পিতা-মোঃ আবদুল গণি), গাড়ী চালক, নার্সিং ইনস্টিটিউট, কক্সবাজারকে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের স্মারক নং ডিজিএনএম-শা-২/১ম-১০৮/৯২-৫১০/১(১০) তারিখঃ ১০/১২/২০১৯ ইং মোতাবেক কলেজ অব নার্সিং মহাখালী, ঢাকা হতে নার্সিং ইনস্টিটিউট, কক্সবাজারে জনস্বার্থে বদলীর আদেশ জারী করা হয়। সেই অনুসারে গত ২২/১২/২০১৯ কলেজ অব নার্সিং মহাখালী, ঢাকা হতে ছাড়পত্র প্রদান করা হয়। কিন্তু আপনি বদলীকৃত কর্মস্থলে যোগদান করেন নি।

২। সেই পরিপ্রেক্ষিতে এ অধিদপ্তরের স্মারক নং ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২১০.২০২০.৬৮ তারিখঃ ০৯.০২.২০২০ ইং মোতাবেক বদলীকৃত কর্মস্থলে যোগদান না করার কারণে কৈফিয়ত তলব করা হয়। আপনি অদ্যাবদি কৈফিয়ত তলবের কোন জবাব প্রদান করেনি। এমনকি কোন ধরনের যোগাযোগও করেননি। ফলে দেখা যায় যে, যোগদানের জন্য ছাড়পত্র পাওয়ার পর হতে আপনি অদ্য ০৯.০৬.২০২০ তারিখ পর্যন্ত সর্বমোট ১৯৭ দিন কর্মস্থলে/ কর্তব্য কাজে অনুপস্থিত, সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ সালের বিধি ৩ (খ) ধারা অনুযায়ী এটি গুরুতর অপরাধ।

১৪/০৬/২০২০

(সিদ্দিকা আক্তার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd
ফোন নং-৯১৩৬৭৬২।